*Total number of printed pages -7* ***NB -N/B***

# 2020

# CLASS – IX

# BENGALI

Total Marks: 80 Time :3 Hours

## General Instructions:

*(i) Approximately 15 minutes is allotted to read the question paper and revise the answers.*

*(ii) The question paper consists of 21 questions. All questions are compulsory.*

*(iii) Internal choice has been provided in some questions.*

*(iv) Marks allocated to every question are indicated against it.*

***N.B.: Check that all pages of the question paper is complete as indicated on the top left side.***

## SECTION -A

### পাঠ (Reading)

**1. নিচের পাঠটি মনোযোগ দিয়ে পড়ঃ**

**আনন্দবাজারপত্রিকাঃ নিজস্ব সংবাদদাতাঃ কলকাতাঃ ৮ অক্টোবর,২০২০**: ২০২০-র সাহিত্যে নোবেল পুরস্কার পেলেন আমেরিকান কবি লুইস গ্লাক। জন্ম ১৯৪৩। এই পুরস্কারের পিছনে রয়েছে তাঁর কাব্য এককের সঙ্গে বিশ্বজনীনতার গভীর সংযোগ, এমনটাই জানানো হয়েছে সুইডিশ অ্যাকাডেমির তরফে।

এ বছর গ্লাক যাঁদের  পিছনে ফেলে এই পুরস্কার জিতে নিলেন তাঁদের মধ্যে রয়েছেন কানাডিয়ান লেখিকা মার্গারেট অ্যাটউড এবং জাপানি লেখক হারুকি মুরাকামির মতো ব্যক্তিত্ব। গ্লাক এর আগে পেয়েছেন পুলিৎজার  (১৯৯৩) , ইউ এস পোয়েট লরিয়েট (২০০৩-২০০৪) ইত্যাদি পুরস্কার।

লুইস এলিজাবেথ গ্লাকের জন্ম নিউ ইয়র্ক শহরে, বেড়ে ওঠা নিউ ইয়র্কের লং আইল্যান্ডে। গ্লাকের কবিতায় উঠে এসেছে মানব জীবনের বিভিন্ন সঙ্কট, অভিপ্সা এবং অবশ্যই প্রকৃতি। নিঃসঙ্গতা এবং  বিষণ্ণতা তাঁর কবিতার অন্যতম লক্ষণ। আলোচকরা তাঁর কবিতায় খুঁজে পেয়েছেন আত্মজৈবনিকতার সঙ্গে ধ্রুপদী মিথের গূঢ় আন্তর্সম্পর্ক। তাঁর রচনায় অনেকেই  রাইনের মারিয়া রিলকে এবং এমিলি

***NB- N/B***

ডিকিনসনের উত্তরাধিকারকে খুঁজে পান। সেদিক থেকে দেখলে গ্লাক, পশ্চিমি বিশ্বের মূল ধারার কবিতা থেকে নিজেকে বিচ্ছিন্ন রাখেননি বলে চলে।

১৯৬৮ সালে তঁর প্রথম কাব্যগ্রন্থ ‘ফার্স্টবর্ন’ প্রকশিত হয়। ২০১৪ সালে প্রকাশিত হয়েছে তাঁর সর্বশেষ কাব্যগ্রন্থ ‘ফেথফুল অ্যান্ড ভার্চুয়াস নাইট’। ২০১২-এ তাঁর কাব্য সংকলন ‘পোয়েমস ১৯৬২-২০১২’ লস এঞ্জেলেস টাইমস বুক প্রাইজ প্রাপ্ত হয়। এর বাইরে রয়েছে তাঁর কবিতা সংক্রান্ত প্রবন্ধের বই ‘প্রুফস অ্যান্ড থিয়োরিজ’, ‘আমেরিকান অরিজিন্যালিটি’। নিজেকে কোনও বিশেষ অভিধায় দেখতে চান না গ্লাক। এমনকি নিজেকে ‘ফেমিনিস্ট’ বলতেও তিনি নারাজ। বরং জীবন ও মৃত্যুর শ্বাশ্বত রহস্য আর প্রকৃতির অনিঃশেষ রহস্যময়তাকেই তিনি খুঁজে চলেন তাঁর কাব্যে।

৭৭ বছর বয়সি গ্লাক যুক্ত রয়েছেন ইয়েল বিশ্ববিদ্যালয়ে অধ্যাপনার কাজে। এই মুহূর্তে তিনি ম্যাচুসেটসের কেম্ব্রিজ শহরের বাসিন্দা।

(বানান অপরিবর্তিত)

**প্রায় ৫ থেকে ১০ টি শব্দে নিচের প্রশ্নগুলির উত্তর দাওঃ**

(ক) কত তারিখে খবরটি প্রকাশিত হয়েছে? 1

(খ) গ্লাক কোন বিষয়ে নোবেল পুরস্কার পেয়েছেন? 1

(গ) গ্লাকের জন্ম কোন সালে? 1

(ঘ) গ্লাক এর আগে কী কী পুরস্কার পেয়েছেন? 1

(ঙ) গ্লাকের পুরো নাম কী? 1

(চ) গ্লাকের জন্ম কোথায়? 1

(ছ) গ্লাকের লেখা প্রথম কাব্যগ্রন্থের নাম কী? 1

(জ) কোন সালে গ্লাকের শেষ কাব্যগ্রন্থ প্রকাশিত হয়? 1

(ঝ) গ্লাক এই মুহূর্তে কোন শহরের বাসিন্দা? 1

(ঞ) সন্ধি বিচ্ছেদ কর : পুরস্কার 1

## SECTION -B

## রচনা ও নির্মিতি ( Writing and Composition)

**2. নিচের যে কোনও একটি বিষয় বেছে নিয়ে ১০০ থেকে ১৫০ টি শব্দের মধ্যে উত্তর দাওঃ** **6**

(ক) তুমি তোমার বন্ধুর পরিবারের সাথে তোমার ছুটি কাটিয়ে এসেছো। তাঁদের আপ্যায়নে খুশি হয়েছো বলে ধন্যবাদ জানিয়ে তোমার বন্ধুর বাবা-মাকে একটি চিঠি লেখো।

**অথবা**

(খ) নিচের সূত্রগুলি দিয়ে একটি গল্প রচনা করে তার একটি উপযুক্ত নাম দাওঃ

সূর্য আর বাতাসের মধ্যে দারুণ ঝগড়া……কে বেশি শক্তিমান………তারা এক পথচারীর ওপর তাদের শক্তি পরীক্ষা করতে চাইল………কে সেই পথচারীর গায়ের কোটটি খুলে নিতে পারে………বাতাস জোরে বইতে লাগলো, লোকটি গায়ে কোটটি আর জড়িয়ে নিলো……এবার সূর্যের পালা……সূর্য তার তেজ বাড়িয়ে তুলল ক্রমশ……লোকটিও একে একে তার সব জামা খুলে ফেললো…………বাজি মাত করলো সূর্য।

**3. প্রায় ৪০ থেকে ৫০ টি শব্দে নিচের যে কোনও একটি প্রশ্নের উত্তর দাওঃ** **4**

(ক) তুমি তোমার পুরনো চার চাকার গাড়িটি বেচে দেবে পরিকল্পনা করেছো। প্রয়োজনীয় সমস্ত বিবরণ দিয়ে স্থানীয় সংবাদপত্রে প্রকাশের জন্যে একটি বিজ্ঞাপনের খসড়া তৈরি কর।

**অথবা**

(খ) তুমি অয়ন / অয়ন্তিকা। তোমার পাড়ার উদ্যানে (Park) বেঞ্চের নিচে একটি ব্যাগ কুড়িয়ে পেয়েছো যাতে টাকা পয়সা সহ গুরুত্বপূর্ণ নথিপত্র রয়েছে। উপযুক্ত প্রমাণ সহ যথার্থ মালিককে সেগুলি সংগ্রহ করার আবেদন জানিয়ে উদ্যানের বিজ্ঞপ্তি ফলকে ( Notice Board) একটি বিজ্ঞপ্তি দাও।

## SECTION - C

### ব্যাকরণ ও অনুবাদ ( Grammar and Translation)

**4. নিচের বিকল্পগুলি থেকে সঠিক উত্তরটি বেছে নাওঃ**

(ক) প্রতি বর্গের দ্বিতীয় ও চতুর্থ বর্ণের উচ্চারণের সময় ‘প্রাণ’ বা নিঃশ্বাসের প্রাবল্য থাকে বলে এগুলিকে বলা হয়- 1

(i) অঘোষ বর্ণ  (ii) ঘোষ বর্ণ

(ii) অল্পপ্রাণ বর্ণ  (iv) মহাপ্রাণ বর্ণ

(খ) আজি> আইজ- কী ধরনের ধ্বনি পরিবর্তন হয়েছে – 1

(i) স্বরভক্তি  (ii) অভিশ্রুতি

(iii) অপিনিহিতি  (iv) ব্যঞ্জনসংগতি

(গ) পরস্পর সন্নিহিত দুটি বর্ণের মিলনকে বলে- 1

(i) সন্ধি  (ii) প্রত্যয়

(iii) কারক  (iv) পদ

***NB -N/B***

(ঘ) য়, এ, তে – এগুলি কোন বিভক্তি- 1

(i) চতুর্থী বিভক্তি (ii) পঞ্চমী বিভক্তি

(iii) ষষ্ঠী বিভক্তি (iv) সপ্তমী বিভক্তি

(ঙ) 'অন্ধের যষ্টি' মানে হল - 1

(i) বোকামির ফল (ii) অসহায়ের একমাত্র অবলম্বন

(iii) দুর্লভ দর্শন (iv) ব্যর্থ আবেদন

**5. সংজ্ঞা সহ উদাহরণ দাও:**

(i) স্বরাগম 1

(ii) উষ্মবর্ণ 1

**6. সন্ধি করঃ**

(i) জন+ এক 1

(ii) গৈ+ অক 1

(iii) বি+ ছেদ 1

**7. অর্থ উল্লেখ করে বাক্যরচনা করঃ**

(i) আষাঢ়ে গল্প 1

(ii) ঠোঁটকাটা 1

**8. কারক-বিভক্তি নির্ণয় করঃ**

(i) মেয়েটি স্কুল পালাতে গিয়ে ধরা পড়ে গেলো। 1

(ii) বইটি টেবিলে রাখা আছে। 1

(iii) বিকাশ এবারেও অঙ্কে ফেল করেছে। 1

**9. বাংলায় অনুবাদ করঃ**

(i) There are four weeks in a month. 1

(ii) Do you study every day? 1

***NB -N/B***

(iii) The vehicle arrived late. 1

(iv) Love never gives up. 1

(v) I did it. 1

## SECTION -D

## সাহিত্য – গদ্যাংশ ও পদ্যাংশ ( Literature)

**10. নিচের বিকল্পগুলি থেকে সঠিক উত্তরটি বেছে নাও:**

(ক) বিশ্বম্ভর বাবু ছিলেন ফটিকের – 1

(i) কাকা (ii) মামা

(iii) দাদা (iv) বাবা

(খ) ‘আমরা’ কবিতায় ‘বীর সন্ন্যাসী’ বলতে কাকে বোঝান হয়েছে - 1

(i) রামকৃষ্ণ (ii) চৈতন্য

(iii) বিবেকানন্দ (iv) লোকনাথ

(গ) নৃত্যকালী ছিল - 1

(i) বাড়ির দাসী (ii) রামের বোন

(iii) নারায়ণীর বোন (iv) দিগম্বরীর মা

(ঘ) দাদুর বিপত্নীক জীবন কত বছরের - 1

(i) কুড়ি (ii) তিরিশ

(iii) চল্লিশ (iv) পঞ্চাশ

(ঙ) ‘ভারতবর্ষ’ পাঠের লেখকের কলকাতায় বাসার কাছে ছিল একটি - 1

(i) জেলখানা (ii) চিরিয়াখানা

(iii) ডাক্তারখানা (iv) মুদিখানা

***NB -N/B***

**২০ থেকে ২৫ টি শব্দে নিচের প্রশ্নগুলির উত্তর দাও:**

**11.** "মামা, মার কাছে কবে যাব?" - কথাটি কে বলেছিল? কখন কাকে সে এই কথা বলেছিল ? 1+1=2

**12.** সনাতনপুরে কোন দেবতাকে কেন্দ্র করে প্রতিবছর প্রকাণ্ড উৎসব হয়? এই দেবতার মাহাত্ম্যের জ্বলন্ত প্রমাণ কী ? 1+1=2

**13.** 'জলযোগ' বলতে কী বোঝো? ফলাহার কী ? 1+1=2

**14.** "টাকা দুদিনের, কিন্তু ধর্মটা যে চিরদিনের"। – কথাটি কে কাকে কখন বলেছিলেন ? 1+1=2

**15.** 'ভারতবর্ষ' পাঠে লেখক কত বছর আগে কলকাতায় এসেছিলেন? তখন লেখকের বয়স কত ছিল ? 1+1=2

**16.** 'ধুলামন্দির' কবিতা অনুসারে প্রকৃতপক্ষে দেবতা বা ঈশ্বরের বাস কোথায়? ঈশ্বর বা প্রভু কার কাছে বাঁধা থাকেন ? 1+1=2

**কম-বেশি ৪০ থেকে ৫০ টি শব্দে নিচের প্রশ্নগুলির উত্তর দাও :**

**17**.(ক) ফটিককে তার মা কার সাথে কোথায় পাঠিয়ে দিলেন? সেখানে কে কে ছিল ? সেখানে গিয়ে তার প্রাণ হাঁপিয়ে উঠেছিল কেন?

1+1+2=4

**অথবা**

(খ) 'ভারতবর্ষ' পাঠে বৃদ্ধ কোথায় বসে কী পাঠ করছিলেন ? বইটির কোন অংশ পাঠ করছিলেন ? সেই পাঠ শুনে শ্রোতাদের মনে কী প্রতিক্রিয়া ঘটতো? 1+1+2=4

**18.** "এই বাংলার মাটিতে গাঁথিল সূত্রে হীরক-হার।" –

(i) কোন কবিতার অংশ? 1

(ii) কবি কে? 1

(iii) কে কিভাবে হীরক হার গেঁথেছেন? 2

**৬০ থেকে ৯০ টি শব্দে নিচের প্রশ্নগুলির উত্তর দাও :**

**19.**(ক) "উৎসবের পরদিন এইসব লইয়া পালেদের চণ্ডীমণ্ডপে আলোচনা চলিতেছিল,"-

(i) কোন পাঠের অংশ? 1

(ii) লেখকের নাম কী? 1

(iii) এখানে কোন উৎসবের কথা বলা হয়েছে? 1

(iv) কী নিয়ে আলোচনা চলছিল, তার সংক্ষিপ্ত বিবরণ দাও। 2

*NB -N/B*

**অথবা**

(খ) " সারা রাত ঠেঙাবে নাকি?" –

(i) কোন পাঠের অংশ? 1

(ii) কার লেখা? 1

(ii) কে কাকে উদ্দেশ করে এ কথা বলেছেন? 2

(iii) কাকে কেন ঠেঙানো হচ্ছিলো? 1

**20.** (ক) "নয়ন মেলে দেখ্ দেখি তুই চেয়ে – দেবতা নাই ঘরে।" –

(i) কোন কবিতার অংশ ? 1

(ii) কবি কে? 1

(iii) কোন মূল কাব্যগ্রন্থ থেকে সংকলিত? 1

(iv) কবির মতে দেবতা প্রাপ্তির প্রকৃত উপায় কী? 2

**অথবা**

(খ) " এত খেয়ে তবু যদি নাহি ওঠে মনটা -

খাও তবে কচু পোড়া , খাও তবে ঘন্টা ।" –

(i) কোন কবিতার অংশ? 1

(ii) কবির নাম কী? 1

(iii) কবি যত রকমের খাবারের নাম করেছেন, তার মধ্যে খাওয়া যায় এবং খাওয়া যায় না, এমন পাঁচটি করে উদাহরণ দাও। 3

**21.** 'কবর' কবিতাটির নামকরণের সার্থকতা আলোচনা করো। 5

-----------------------------